গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম।

COLLEGE CODE-4305

## ২০২৩ সালের ডিগ্রি (পাস) প্রাইভেট / সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

তারিখ : ০১ জানুয়ারী ২০২৪ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩ সালের ডিগ্রি (পাস) বিএ/বিএসএস/বিবিএস প্রাইভেট / সার্টিফিকেট কোর্স রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি প্রকাশ করেছে । সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম এ ২০২৩ শিক্ষাবর্ষের ডিগ্রী (পাস) প্রাইভেট/ সার্টিফিকেট কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd /admissions) থেকে প্রাথমিক আবেদন ফরম পূরণ করে আবেদন পত্র ডাউনলোড করতে হবে। ডাউনলোডকৃত আবেদন ফরম ও অন্যান্য কাগজপত্রাদি সহ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে কলেজের অর্থনীতি বিভাগে জমা দিয়ে ভর্তি নিশ্চিত করার নির্দেশ দেয়া হল।

- **ছাত্রছাত্রীদের করণীয় :**

১. কলেজের ওয়েব সাইট www.mohsincollege.edu.bd এর Payment menu হতে Admission form fill up সাব-মেন্যুতে ক্লিক করে শিক্ষার্থীর ভর্তির আবেদনের রোল ও বিভাগ নির্বাচন করে শিক্ষার্থীর তথ্য ফরম পূরণ করবে।

২. শিক্ষার্থীর তথ্য ফরম পূরণ করার পর শিক্ষার্থী Next বাটনে ক্লিক করে Payment এ নির্ধারিত প্রক্রিয়ায় বিকাশ/নগদ / ডাচ বাংলা(রকেট/নেক্সাস পে)/অন্যান্য -এর মাধ্যমে নিম্নোক্ত পরিমাণ ফি পরিশোধ করে ভর্তি ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করবে [উক্ত পেমেন্ট নিজস্ব একাউন্ট হতে অথবা সংশ্লিষ্ট বিকাশ/নগদ/ডাচ বাংলা(রকেট/নেক্সাস পে)/ অন্যান্য এজেন্ট-এর মাধ্যমে প্রদান করা যাবে।]

৩. কলেজের ওয়েবসাইটে ফরম পূরণের সময় শিক্ষার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরটি সচল থাকতে হবে।

৪. ফি'র পরিমাণ (কলেজের ওয়েব সাইটের এর মাধ্যমে ০১ জানুয়ারী ২০২৪ খ্রি. হতে ১০ জানুয়ারী ২০২৪ খ্রি. এর মধ্যে জমা দিতে হবে।)

| বিভাগ | টাকার পরিমাণ | কাগজপত্র জমাদানের তারিখ ,সময় ও স্থান |
|---|---|---|
| বিএ/ বিএসএস/ বিবিএস (পাস) | ৯৮৫.০০ | **০৯, ১০ জানুয়ারী ২০২৪ খ্রি. সকাল ১০:০০টা হতে দুপুর ১২:০০টা পর্যন্ত প্রশাসনিক ভবন এর ২য় তলায় অর্থনীতি বিভাগ** |

- কলেজের ওয়েব সাইটে **(www. mohsincollege.edu.bd)** হতে ফরম পূরন নিয়মাবলি :

১. সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম-এর ওয়েবসাইট www.mohsincollege.edu.bd এ প্রবেশ করতে হবে।

২. ওয়েবসাইট-এ Menu Bar হতে payment menu তে গিয়ে Admissionform fill up এ Click করার পর Admission Type এ গিয়ে Degree Pass -এ প্রবেশ করতে হবে।

৩. এরপর ভর্তিকৃত Group, Admission Roll ও Captcha Code দিয়ে Verify এ Click করতে হবে।

৪. এরপর Next এ Click করতে হবে। এতে একটি ফরম আসবে, যার তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করবে এবং পাসপোর্ট সাইজের ছবি স্ক্যান করে (ছবি সাইজ সর্বোচ্চ ১০০kb) আপলোড করবে।

৫. Save করার পূর্বে তথ্য সঠিক আছে কিনা তা দেখতে হবে। একবার Save করার পর ছাত্র-ছাত্রীরা তাদের তথ্য আর পরিবর্তন করতে পারবে না।

৬. এরপর Save বাটনে ক্লিক করলে Payment অপশন দেখাবে। এখান থেকে বিকাশ/নগদ / ডাচ বাংলা (রকেট/নেক্সাস পে)/অন্যান্য অপশন সিলেক্ট করে Payment কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৭. Payment কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার পর Submit করে তথ্য সংরক্ষণ করবে এবং তিন কপি প্রিন্ট নিতে হবে।

- উপরে উল্লেখিত কার্যক্রম শেষ করার পর নির্ধারিত সময় অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে ভর্তি নিশ্চিত করতে হবে।

- ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে:

১. অনলাইনে জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের পূরণকৃত ভর্তি ফরম এর প্রিন্ট কপি।

২. ভর্তির প্রাথমিক আবেদন ফরমের মূল প্রবেশপত্র ও ২ সেট ফটোকপি।

৩. পাসপোর্ট সাইজের ৪ কপি রঙিন ছবি ও ২কপি স্ট্যাম্প সাইজ রঙিন ছবি।

৪. মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রযোজ্য ক্ষেত্রে মাইগ্রেশন সনদ অবশ্যই জমা দিতে হবে।

৫. সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীকে তার চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। প্রত্যয়নপত্রে চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ ও পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে ছুটি মঞ্জুর করার বিষয় উল্লেখ থাকতে হবে।

৬. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে এ রেজিস্ট্রেশন কার্যক্রমে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি পত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে অনুমতি পত্রে উল্লেখ থাকতে হবে।

**পাঠ্যক্রম ও পাঠ্যসূচী:**

২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ডিগ্রী (পাস) ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে প্রাইভেট পরীক্ষার্থীগণ সেই একই পাঠ্যক্রম পাঠ্যসূচী অনুসরণ করবে। বিস্তারিত তথ্য জানার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসরণ করার জন্য পরামর্শ দেয়া হল।

Scanned with CamScanner

গ্রুপ অনুযায়ী বিষয় নির্বাচন ঃ

প্রত্যেক কোর্সে বাংলাদেশের অভ্যুদয়ে ইতিহাস (১১১৫০১), জাতীয় ভাষা বাংলা (১৩১০০১) ও ইংরেজী আবশ্যিক(১২১১০১) আবশ্যই নিতে হবে।

১। বিএ পাস কোর্সের জন্য নিম্নের 'ক' বিষয় গুচ্ছ হতে যে কোন ০২(দুই) টি বিষয় এবং 'খ' গুচ্ছ হতে যে কোন ০১(এক) টি বিষয় নিয়ে মোট ০৩টি বিষয় নিতে হবে।

| গুচ্ছ | বিষয় গুচ্ছ | বিষয় কোড |
|---|---|---|
| ক গুচ্ছ | আরবী | ১১১২০১ |
| | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১১১৬০১ |
| | দর্শন | ১১১৭০১ |
| | ইসলামী শিক্ষা | ১১১৮০১ |
| খ গুচ্ছ | রাষ্ট্রবিজ্ঞান | ১১১৯০১ |
| | অর্থনীতি | ১১২২০১ |

২। বিএসএস পাস কোর্সের জন্য অর্থনীতি (১১২২০১) ও রাষ্ট্রবিজ্ঞান(১১১৯০১) অবশ্যই নিতে হবে এবং নিম্নের বিষয় গুচ্ছ হতে যে কোন ০১(একটি) বিষয় নিতে হবে।

| গুচ্ছ | বিষয় গুচ্ছ | বিষয় কোড |
|---|---|---|
| ক গুচ্ছ | আরবী | ১১১২০১ |
| | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১১১৬০১ |
| | দর্শন | ১১১৭০১ |
| | ইসলামী শিক্ষা | ১১১৮০১ |

৩। বিবিএস পাস কোর্সের জন্য ০১টি মাত্র বিষয় গুচ্ছ থেকে ০৩টি বিষয় নিতে হবে।

| গুচ্ছ | বিষয় গুচ্ছ | বিষয় কোড |
|---|---|---|
| ক গুচ্ছ | অর্থনীতি | ১১২২০১ |
| | হিসাববিজ্ঞান | ১১২৫০১ |
| | ব্যবস্থাপনা | ১১২৬০১ |

০২/০৫/২৪

(প্রফেসর মোহাম্মদ কামরুল ইসলাম)
অধ্যক্ষ
সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম।

০২/০৫/২০২৪

Scanned with CamScanner